

প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০১.২০১৪ (অংশ-৪)/২৭৬

তারিখঃ ২৭/০৬/২০১৬ইং

৩৩তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নয় এমন প্রার্থীদের মধ্য হতে নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে চূড়ান্ত ফলাফল প্রকাশ সংক্রান্ত কমিশনের ৩১/০৩/২০১৪ইং তারিখের প্রেস বিজ্ঞপ্তিতে তথ্য বিভাট/প্রশাসনিক কারণে রেজিঃ নম্বর-৪১১৯৩৫ এর ফলাফল/সুপারিশ কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়। পরবর্তীতে উক্ত প্রার্থী কমিশন কর্তৃক চাহিত কাগজপত্র/সনদপত্র/ডকুমেন্ট দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে তার ফলাফল প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিশন কর্তৃক মুক্তিযোদ্ধা কোটায় সাময়িকভাবে (provisionally) সুপারিশকৃত ১ (এক) জন প্রার্থীর পদের নাম ও রেজিঃ নম্বর নিম্নে দেয়া হলো :

(১) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

পদের নামঃ সহকারী মহাপরিদর্শক (সেফটি)

রেজিঃ নম্বর- ৪১১৯৩৫ = ১ জন।

২। পরবর্তীকালে যে কোনো সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, জালিয়াতি বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ হলে তাকে চাকুরি হতে বরখাস্ত ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রার্থীকে নিয়োগ প্রদান করবে।


৩। উল্লেখ্য, নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৮.০৬.২০১৫ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.১৭.০২০.২০১২/৩৭৬ নং পত্রের সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীর তথ্য এবং মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন।

৪। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অংশীকারনামার ভিত্তিতে প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীকে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পুলিশি তদন্তের মাধ্যমে মুক্তিযোদ্ধার সনদসহ অন্যান্য কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৫। প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;

চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]

  
২৭.০৬.১৬  
(আ.ই.ম নেহার উদ্দিন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)